# সর্ব সাধারণের এলাকায় মানসিক বিকারগ্রস্ত ব্যক্তিকে পাওয়া গেলে তাকে ভর্তি করা

(মেন্টাল হেলথ্ অ্যাক্ট 1983 এর ধারা 136)

| | |
|---|---|
| 1. রুগীর নাম | |
| 2. হাসপাতাল এবং ওয়ার্ডের নাম | |

## আমি হাসপাতালে কেন আছি?

একজন পুলিশ অফিসার আপনাকে এই হাসপাতালে নিয়ে এসেছেন কারণ তিনি চিন্তিত যে আপনার হয়ত মানসিক ব্যধি আছে এবং একজন মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞকে দিয়ে আপনার পরীক্ষা করানো দরকার।

মেন্টাল হেলথ অ্যাক্ট 1983-এর ধারা 136-র অধীন আপনাকে এখানে রাখা হয়েছে যাতে আপনার চিকিৎসার প্রয়োজন আছে কি না তা মূল্যায়ন করা যায়।

## আমি কতদিন এখানে থাকব?

অধিকতম 72 ঘন্টা পর্যন্ত আপনাকে এখানে (বা অন্য যে স্থানে আপনি নিরাপদ থাকবেন সেখানে) রাখা হবে যাতে একজন ডাক্তার এবং একজন অনুমোদিত মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ আপনাকে পরীক্ষা করে দেখতে পারেন।

লোকেদের হাসপাতালে রাখতে হবে কি না তা নির্ণয় করায় সাহায্যের জন্য বিশেষভাবে প্রশিক্ষণপ্রাপ্ত ব্যক্তি এই অনুমোদিত মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ।

যদি ডাক্তার এবং অনুমোদিত মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ একমত হন যে আপনার হাসপাতালে থাকা দরকার তাহলে তাদের নির্ণয় প্রতিপাদন করার জন্য আরেকজন দ্বিতীয় ডাক্তারকে আপনার পরীক্ষা নিরীক্ষা করতে বলা হবে।

এই সময় আপনাকে হাসপাতাল ছেড়ে যাওয়ার অনুমতি না দেওয়া হলে আপনি যাবেন না। আপনি যাওয়ার চেষ্টা করলে, কর্মচারীরা আপনাকে বাধা দিতে পারে, এবং যদি আপনি চলে যান, আপনাকে ফেরত নিয়ে আসা যায়।

72 ঘন্টা পরেও যদি ডাক্তার এবং অনুমোদিত মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ আপনাকে না দেখেন তাহলে আপনি চলে যেতে পারেন। আপনি স্বেচ্ছায় এখানে থাকার সিদ্ধান্তও নিতে পারেন। তবে যদি আপনি চলে যেতে চান তাহলে প্রথমে কর্মীদলের সদস্যের সঙ্গে কথা বলে নেবেন।

আপনার ক্ষেত্রে 72 ঘন্টা শেষ হবে ঃ

| তারিখ | সময় |
|---|---|
| | |

## এর পর কি হবে ?

ডাক্তার এবং অনুমোদিত মানসিক স্বাস্থ্য বিশেষজ্ঞ আপনাকে দেখার পর হয়ত তারা আরো কিছু সময় আপনাকে হাসপাতালে রাখার প্রয়োজন সম্বন্ধে বলবেন। এটা কেন ও কতক্ষণ চলবে তা তারা আপনাকে জানিয়ে দেবেন। কি হবে তার ব্যাখ্যাসহ আরেকটা পত্রিকা আপনাকে দেওয়া হবে।

যদি তারা সিদ্ধান্ত নেন যে আপনার এখানে থাকার দরকার নেই তাহলে আপনার আর কি কি সাহায্য দরকার তা অন্য আরেকজন আপনাকে জানিয়ে দেবেন।

## আমি কি আপীল করতে পারি ?

না। আপনার যে হাসপাতালে থাকা দরকার তাতে আপনি যদি একমত না ও হন তাহলেও ধারা 136-এর অধীন আপনাকে এখানে রাখার সিদ্ধান্তের বিরুদ্ধে আপনি আপীল করতে পারবেন না।

## আমার কি চিকিৎসা করা হবে ?

হাসপাতালের কর্মচারীর যদি মনে হয় আপনার কোনো চিকিৎসা দরকার তাহলে তা আপনাকে জানাবেন। আপনি কোনো চিকিৎসা নিতে না চাইলে তা প্রত্যাখ্যান করার অধিকার আপনার কাছে থাকবে। শুধুমাত্র বিশেষ পরিস্থিতিতে, যা আপনাকে বুঝিয়ে দেওয়া হবে, আপনার সম্মতি ছাড়াও আপনার চিকিৎসা করা হবে।

## আপনার ঘনিষ্ঠতম আত্মীয়কে জানানো

মেন্টাল হেল্‌থ অ্যাক্টের মতে যে আপনার ঘনিষ্ঠতম আত্মীয়, তাকে এই পত্রিকার একটি কপি দেওয়া হবে।

মেন্টাল হেল্‌থ অ্যাক্টে একটি নামের তালিকা আছে যাদের আপনার আত্মীয় হিসাবে গণ্য করা হবে। সাধারণত ঐ তালিকায় যার নাম সবার ওপরে থাকবে সে আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হবে। হাসপাতালের কর্মচারী আপনাকে একটি পত্রিকা দিতে পারে যাতে এর ব্যাখ্যা থাকবে এবং আপনার চিকিৎসা ও পরিচর্যার ব্যাপারে আপনার নিকটতম আত্মীয়র যা যা অধিকার আছে সেসবের উল্লেখ থাকবে।

আপনার কেসে, আমাদের বলা হয়েছে যে আপনার নিকটতম আত্মীয় ঃ

| |
|---|
| |

আপনি যদি এই পত্রিকার একটি কপি তাকে দিতে না চান, তাহলে আপনার নার্স বা কর্মীদলের অন্য কোনো সদস্যকে জানিয়ে দেবেন।

## আপনার ঘনিষ্ঠতম আত্মীয় বদলানো

যদি আপনার মনে হয় ঐ ব্যক্তি আপনার ঘনিষ্ঠতম আত্মীয় হওয়ার উপযুক্ত না, তাহলে তার পরিবর্তে অন্য কাউকে ঘনিষ্ঠতম আত্মীয় হিসাবে গণ্য করার জন্য কাউন্টি কোর্টের (County Court) কাছে আবেদন করতে পারেন। এর ব্যাখ্যাসহ একটি পত্রিকা হাসপাতালের কর্মচারী আপনাকে দিতে পারে।

## আপনার চিঠিপত্র

আপনি হাসপাতালে থাকাকালীন আপনার নামে যেসব চিঠিপত্র পাঠানো হবে সেসব আপনাকে দেওয়া হবে। আপনি যাকে ইচ্ছা চিঠিপত্র পাঠাতে পারেন, তবে যদি কেউ বলে যে সে আপনার চিঠি পেতে চায় না তাকে আপনার লেখা চিঠি পাঠানো হবে না। হাসপাতালের কর্মচারী এদের জন্য লেখা চিঠি আটকে রাখতে পারে।

## আচরণ সংহিতা

মেন্টাল হেল্থ অ্যাক্ট এবং মানসিক ব্যাধিগ্রস্ত মানুষের প্রতি ব্যবহারের বিষয়ে একটি আচরণ সংহিতা (Code of Practice) আছে যা হাসপাতালের কর্মীদের পরামর্শ দেয়। আপনার পরিচর্যার বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সময় কোডে কি বলা হয়েছে তা কর্মীদের বিবেচনা করে দেখতে হবে। আপনি চাইলে, কোডের একটা কপি চেয়ে নিতে পারেন।

## আমি কিভাবে নালিশ করব?

হাসপাতালে আপনার যত্ন পরিচর্যার বিষয়ে যদি নালিশ করতে চান, তাহলে কর্মীদলের সদস্যের সঙ্গে কথা বলুন। তারা হয়ত সমাধান খুঁজে দিতে পারবে। এছাড়া তারা আপনাকে হাসপাতালের নালিশ প্রণালীর বিষয়েও তথ্য জানাতে পারে, আপনি এই প্রণালী ব্যবহার করে স্থানীয় স্তরে মীমাংসা করে আপনার নালিশের সমাধান করে নিতে পারেন। এছাড়া অন্যান্য যারা নালিশ করায় আপনাকে সাহায্য করতে পারে তাদের ব্যাপারেও তারা জানাতে পারে।

যদি আপনার মনে হয় হাসপাতালের নালিশ প্রণালী আপনাকে সাহায্য করতে পারছে না তাহলে আপনি একটি স্বতন্ত্র কমিশনের কাছে আবেদন করতে পারেন। মেন্টাল হেল্থ অ্যাক্ট যেভাবে ব্যবহার করা হয় সে ব্যাপারে কমিশন বিশেষ লক্ষ্য রাখে, যাতে তা সঠিকভাবে ব্যবহার করা হয় এবং হাসপাতালে থাকাকালীন রুগীর যথাযথ যত্নপরিচর্যা হয়। কিভাবে এই কমিশনের সঙ্গে যোগাযোগ করা যায় তার ব্যাখ্যাসমেত একটি পত্রিকা হাসপাতালের কর্মচারী আপনাকে দিতে পারে।

## আরো সাহায্য এবং তথ্য

আপনার যত্ন পরিচর্যা এবং চিকিৎসার বিষয়ে যদি আপনি কিছু বুঝতে না পারেন, কর্মীদলের একজন সদস্য আপনাকে সাহায্য করার চেষ্টা করবে। এই পত্রিকার কোনো বিষয় যদি আপনি বুঝতে না পারেন কিংবা আপনার যদি কোনো প্রশ্ন থাকে যার উত্তর এই পত্রিকায় নেই তাহলে কর্মীদলের সদস্যের কাছ থেকে তা বুঝে নেবেন।

আপনি যদি অন্য কারুর জন্য এই পত্রিকার কপি চান, তাহলে চেয়ে নেবেন।